## প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের ১০/০৭/২০১৮ খ্রি: অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী-

অদ্য ১০/০৭/২০১৮ খ্রি: রোজ মঙ্গলবার প্রাণিসম্পদ অধিদপ্তরের ইপিডেমিওলজি শাখায় ইনোভেশন টিমের মাসিক সভা ইনোভেশন অফিসার ডা: বশীর আহমেদ সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকল কর্মকর্তার নামের তালিকা পরিশিষ্ট-১ তে সংযুক্ত করা হ'ল।

সভাপতিঃ ডাঃ ির আহমেদ

সভার স্থানঃ ইপিডেমিওলজী বিভাগ

তারিখঃ ১০.০৭.১৮ রোজ- মঙ্গলবার

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভার আলোচ্যসূচী-

১। ২৪।০৬। ১৮ তারিখের কার্যবিবিরণী ফলোআপ ও অনুমোদন,
এস.আই.পি ডাটাবেজ তৈরী বিষয়ে আলোচনা ও রিপোর্ট প্রদান
২। ই-ভেট-সার্ভিস বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা
৩। ইউনিয়ন পর্যায়ে সেবাকেন্দ্র স্থাপন বিষয়ে আলোচনা
৪। ডিজিটাল মনিটর স্থাপনের অগ্রগতি বিষয়ে আলোচনা
৫। SMS sarrvice আপডেট বিষয়ে আলোচনা
৬। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে আলোচনা
৭। বিবিধ।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সকলকে আজকের সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা এবং মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

১। সভার শুরুতে ডাঃ মোঃ রফিকুল ইসলাম গত ২৪.০৬. ১৮ তারিখের সভার কার্যবিবরণী পড়ে শোনান। আংশিক সংযোজন ও বিয়োজন শেষে কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। SIP Database open করার জন্য www.dls.gov.bd এর Database open করতে হবে। তারপর SIP Database এ ক্লিক করলে ডাটাবেজ ওপেন হবে। উপজেলা ইউজার আইডি /সোর্স এর কাজ ডাঃ মোখলেছ এডমিন হিসাবে সম্পাদন করবেন। এব্যাপারে অর্থায়নের কোন প্রয়োজন হলে ডাঃ মোখলেছ বাজেট প্রস্তাব করবেন। মোবাইল এবসটির কার্যক্রম নতুনভাবে সংযোজন করায় তা পুনরায় উদ্বোধনের বিষয়ে আলোচনা করা হয় । আগামী সভায় বিষদ আলোচনার জন্য ডাঃমোখলেছকে পরামর্শ প্রদান করা হয়।

২। ২০১৮-২০১৯ অর্থ বৎসরের E- vet. Service এর কার্যক্রম বাজেট প্রাপ্তি ও অনুমোদন সাপেক্ষে অর্থ-বৎসরের শুরুতেই তিনটি উপজেলার প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হবে। অধিদপ্তরের উর্ধতন কর্তৃপক্ষের উপস্থিতিতে ২০১৭-১৮ অর্থবৎসরের কাজের উপরে একটি অভ্যন্তরিন **অবহিতকরণ কর্মশালা** আয়োজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মশালার দিক নির্দেশনা/কর্মসূচি হলো-

E-vet জন্মকথা- ড.আলী আহসান -০৩ মিনিট।

Reve system-০৫ মিনিট

Demo presentation- ডা. মোখলেছ ০৫ মিনিট

E-vet service এর input/ প্রয়োজনীয় উপকরণ একটি কমিটির মাধ্যমে সংযোজন করা হবে। ইনোভেশন অফিসার এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ই-ভেট সার্ভিস বিষয়ে একটি পুস্তিকা প্রকাশ করা হবে। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবসথা গ্রহণের জন্য ড. আলী আহসান কে দায়িত্ব প্রদান করা হয়। জাঁক-জমকপুর্ণ অনুষ্ঠান ও গুরুত্বপুর্ণ ব্যক্তিদের উপস্থিতিতে ই-ভেট সার্ভিস launching করার ব্যবস্থা করা হবে। এব্যপারে সকলের সহযোগীতা কামনা করা হয়।

৩। জনগণের দোরগোড়ায় প্রাণিস্বাস্থ্যসেবা পৌঁছানোর লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্যসেবা কেন্দ্র চালুর কার্যক্রম চালু রয়েছে। এ পর্যন্ত মোট ৪০ টি ইউনিয়নে এ কার্যক্রম চালু করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বৎসরে বাজেট প্রাপ্তি সাপেক্ষে নুতন ইউনিয়ন নির্বাচন করা হবে এবং ইউনিয়ন স্বাস্থসেবা চালুর বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম হাতে নেওয়া হবে। বিভাগীয় উপপরিচালকবৃন্দকে ইউনিয়ন সেবা কার্যক্রম পরিদর্শন ও রিপোর্ট প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

৪। প্রাণিসম্পদ অধিদপ্তরের SIPএর আওতায় Acrylic Board, ID Card, Portable digital display, Room number and monitoring digital board, laptop প্রভৃতির ব্যবস্থা করা হয়েছে। এ ব্যাপারে কার্যক্রম চলমান আছে। ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৮-১৯ তৈরী করার জন্য ডাঃ মুস্তানুরকে দায়িত্ব প্রদান করা হয়। আগামী ২০।০৭। ১৮ তারিখের মধ্যে কর্মপরিকল্পনা তৈরী পুর্বক ইনোভেশন অফিসারের নিকট জমা প্রদানের জন্য বলা হয়। এ ব্যাপারে সহযোগীতা করার জন্য ডাঃ দীপ্ত ও ডাঃ মোখলেছকে বলা হয়।

২০১৮-১৯ অর্থ-বৎসরের প্রাণিসম্পদ অধিদপ্তরের SIP এর আওতায় যে সমস্ত কাজ অন্তর্ভুক্ত করা হলো=

১। প্রতি ফ্লোরে সুপেয় পানির ব্যবস্থা

২। Paddle dustbin

৩। Access control of DLS

৪। অগ্নিনির্বাপক ব্যবস্থা চালুকরণ

৫। CCTV এর আওতাবৃদ্ধি

৫। প্রাণিসম্পদ অধিদপ্তরের ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবস্থা শক্তিশালী করার জন্য লোকাল এরিয়া নেটওয়ার্ক শক্তিশালী করণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবৎসরে নেটওয়ার্ক ব্যবস্থাপনার জন্য মোঃ শামীম হোসেনকে দায়িত্ব প্রদান করা হয়। SMS Service এর জন্য গঠিত কমিটির মাধ্যমে কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

৫। প্রাণিসম্পদ অধিদপ্তরের SMS service চলমান রাখার জন্য software maintenance & Mobile operator connectivity maintenance খাতে বরাদ্দ রাখা প্রয়োজন। এ জন্য App তে বছর ভিত্তিক ব্যয় অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এব্যাপারে মোঃ সোহরাব হোসেনকে বাজেটের পরিমান নির্ধারণ করার জন্য বলা হয় এবং SMS service কে চলমান রাখার দায়িত্ব প্রদান করা হয়। SMS Service Operation and Maintenance এর জন্য ইনোভেশন অফিসারকে আহবায়ক করে একট কমিটি গঠণ করা হয়। কমিটির গঠন নিম্নরূপ-

১। ডা. বশীর আহমেদ, ইনোভেশন অফিসার, আহবায়ক
২। ড. মোঃ আবু সুফিয়ান,সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৩। মোঃ শামীম হোসেন, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৪। ড. এবিএম মুস্তানুর রহমান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৫। ডা. শাকিফ-উল আজম, ইউএলও ও সদস্য ইনোভেশন টীম ,সংযুক্তি-সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), ডিএলএস , ঢাকা।
৬। মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সার্ভার শাখা ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৭। মোঃ মোখলেছুর রহমান, ভেটেরিনারি সার্জন, জেলা প্রাণী হাসপাতাল, গাজীপুর ও সদস্য, ইনোভেশন টিম।

৬। ২০১৮-১৯ অর্থ-বৎসরের উদ্ভাবণ কর্মকান্ডের উপর বার্ষিক প্রতিবেদন পুস্তিকা আকারে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।

সকল খাতে যথাসময়ে কাজ শুরু করা ও বিল পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১০/৭/১৮

(ডা: বশীর আহমেদ)
উপ-পরিচালক ও প্রধান, ইপিডেমিওলজি ইউনিট
এবং
ইনোভেশন অফিসার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-প্রাসঅ ৩৩.০১.০০০০.৭৭৭.১৮.০০৯.১৫.২৬২ তাং-১০.০৭.১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো-
১। ড. মোঃ আবু সুফিয়ান,সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
২। ড. সৈয়দ আলী আহসান, সহকারী পরিচালক(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৩। ডাঃ মোঃ রফিকুল ইসলাম,ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৪। মোঃ শামীম হোসেন, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৫। ড. এবিএম মুস্তানুর রহমান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৬। ডা. শাকিফ-উল আজম, ইউএলও ও সদস্য ইনোভেশন টীম ,সংযুক্তি-সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), ডিএলএস , ঢাকা।

৭। মোঃ সোহরাব হোসেন, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আইসিটি সার্ভার শাখা ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৮। মোঃ মোখলেছুর রহমান, ভেটেরিনারি সার্জন, জেলা প্রাণী হাসপাতাল, গাজীপুর ও সদস্য, ইনোভেশন টিম।
৯। জনাব নাহিদ আলম,ইনোভেশন ফান্ড এক্সপার্ট,এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়

সদয় জ্ঞাতার্থে অনুলিপি-
১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
২। জনাব মোঃ তৌফিকুল আরিফ, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।